কালের কণ্ঠ

5 JAN 2017

# উচ্চশিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানোর পরিকল্পনা ইউজিসির

নিজস্ব প্রতিবেদক ▷

উচ্চশিক্ষাকে ঢেলে সাজানোর পরিকল্পনা করেছে ইউজিসি। এ লক্ষ্যে গতকাল বুধবার ইউজিসি মিলনায়তনে 'ড্রাফট স্ট্র্যাটেজিক প্ল্যান ফর হায়ার এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে ২০১৭ থেকে ২০২৬ সাল পর্যন্ত পরিকল্পনার খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। বাংলাদেশের বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষা ও গবেষণার কৌশলগত কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ইতিপূর্বে ছয়টি বিশেষজ্ঞ কমিটি গঠন করে। এসব কমিটির প্রতিবেদনের ভিত্তিতেই এই খসড়া প্রস্তুত করা হয়।

খসড়া প্রতিবেদনে উচ্চশিক্ষাকে ঢেলে সাজাতে বেশ কিছু পরিকল্পনার কথা উল্লেখ করা হয়। সেগুলো হলো ইউজিসিকে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তর, উচ্চশিক্ষায় ২০১৮ সালের মধ্যে জিডিপি ০.৬৫ শতাংশ থেকে ১ শতাংশে উন্নীতকরণ, ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রিজ যোগসূত্র স্থাপন, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য আমব্রেলা অ্যাক্ট প্রণয়ন, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থাকে সুসংহত এবং বিকেন্দ্রীকরণ, পাবলিক বিশ্ববিদ্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা শক্তিশালীকরণ ইত্যাদি।

কর্মশালায় সভাপতির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, 'শিক্ষাক্ষেত্রে বিনিয়োগের মাধ্যমে জনশক্তিকে জনসম্পদে রূপান্তর করা সম্ভব। অন্য যেকোনো সেক্টরের তুলনায় শিক্ষায় বিনিয়োগ সর্বদা অর্থবহ ও তাৎপর্যপূর্ণ। বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দেশের ব্যাপক যুবশক্তিকে আধুনিক জ্ঞান ও দক্ষতায় গড়ে তুলতে হবে।'

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মো. আখতার হোসেন, প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হেলাল উদ্দিন, হেকেপ প্রকল্প পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্ত প্রমুখ।